গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০০৬.১৯- ৭৪৫৯ তারিখ ২৩/৩/১৪২৬ বঙ্গাব্দ
০৭/৭/২০১৯ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের নিমিত্ত পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত/আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০৭ (সাত)টি | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>(খ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ন্যূনতম বাংলা ২০ এবং ইংরেজি ৩০ শব্দের গতি থাকতে হবে। | সকল জেলা |
| | মোট = | ০৭(সাত)টি | | |

### আবেদনের শর্তাবলিঃ

১. **প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক।**

২. **সকল প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনকারীর বয়সসীমা ০১/০৭/২০১৯ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।**

৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://fscd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৪/০৭/২০১৯খ্রিঃ, সকাল- ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮/০৭/২০১৯খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও সদ্য তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/-টাকা, Teletalk চার্জ বাবদ ১২/- টাকা মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: FSCD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: FSCD ABCDEF

Reply: Applicant's Name, Tk-112/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type FSCD<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: FSCD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: FSCD YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for FSCD Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://fscd.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে FSCD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: FSCD Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: FSCD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: FSCD Help PIN 12345678 & send to 16222.

৪. কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় Application form এবং Application form এ উল্লেখিত তথ্যাদির সঠিকতা প্রমাণের জন্য সকল সনদ বা প্রমাণ পত্রের মূলকপি *( সকল শিক্ষাগত যোগ্যতার সনদ,* বয়স প্রমাণের জন্য *জাতীয় পরিচয়পত্র (বাধ্যতামূলক),* পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক *নাগরিকত্ব সনদ,* মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে *মুক্তিযোদ্ধা সাময়িক সনদ, গেজেট, মুক্তিবার্তা, মুক্তিযোদ্ধা সংসদের সনদ, পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র* এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে *যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র)* প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদসহ সকল সনদ বা প্রমাণপত্রের ০১ (এক) সেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্বলিত সীল থাকতে হবে।

৫. অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৬. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে। তবে তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

৭. আবেদনকারী যে কোটায় আবেদন করবেন তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে, যেমনঃ এতিম ও শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, মহিলা, আনসার ও ভিডিপি, ক্ষুদ্র ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠী।

৮. এতিম প্রার্থীদের বেলায় রেজিস্টার্ড এতিমখানার নিবাসী হতে হবে এবং এতিমখানার নিবাসী সনদপত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হতে হবে।

৯. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়া বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে **(www.fireservice.gov.bd)** প্রকাশ করা হবে।

১০. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে (স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য তথ্য, কোটা প্রমাণের তথ্যাদি) চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. নিয়োগপ্রাপ্তগণ ডাক্তারি স্বাস্থ্য পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে/ডোপিং টেস্ট রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১২. নিয়োগের ক্ষেত্রে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়োগ বিধিমালা ১৯৯৯ সহ সরকারের বিদ্যমান কোটা, বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

১৩. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত ভাতা (TA) ও দৈনিক ভাতা (DA) প্রদান করা হবে না।

১৪. পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৫. যে কোন তথ্য ও কারিগরি সহযোগিতার জন্য Teletalk Customer Care-এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে 121 এ ফোন করা যেতে পারে।

১৬. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৭/৭/১৯

মোঃ হাবিবুর রহমান
পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি